কুষ্টিয়ায় প্রি- পেইড মিটার নিয়ে গ্রাহকদের ভোগান্তি

কুষ্টিয়ায় প্রি- পেইড মিটার নিয়ে গ্রাহকদের ভোগান্তি। তবে অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড থেকে বলা হচ্ছে, বিদ্যুতের বিনিময়ে উল্লেখিত সেবা কর আগে থেকেই ধার্য ছিল। এতদিন এই বিধি পালনে কর্তৃপক্ষ নজর না দিলেও এখন এই বিদ্যুৎ বিধি পালনে কড়াকড়ি আরোপের ফলে বিষয়টি গ্রাহকদের কাছে নতুন মনে হচ্ছে।

কুষ্টিয়া শহরের কোটপাড়া এলাকার আবাসিক গ্রাহক নাজমুল হক বলেন, ‘গত ১৩ নভেম্বর আমার প্রি-পেইড মিটার রিচার্জ করতে গেলে অ্যাকাউন্টে টাকা ঢুকানো যাচ্ছিল না। এই সমস্যার সমাধানে আমি ছুটে যাই বিদ্যুৎ অফিসে। সেখানে বিদ্যুৎ কর্মীরা আমার সমস্যার কথা শুনে নতুন করে আরও ২০ ডিজিট মিটারে প্রবেশ করিয়ে আমাকে মিটারে টাকা রিচার্জ করতে বলেন। ওদের কথামতো নতুন করে ইস্যুকৃত ওই ২০ ডিজিটের নম্বর ঢোকানোর পর থেকেই হঠাৎ করে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যাচ্ছে। পরে আবারও যখন বিদ্যুৎ অফিসকে সমস্যার কথা জানাই তখন তারা বলেছে, আমি নাকি লোড ক্যাপাসিটির চেয়ে অধিক বিদ্যুৎ ব্যবহার করছি; তাই এই সমস্যা হচ্ছে। সমাধান করতে হলে আরও ৪০৩ টাকা জমা দিয়ে ব্যবহার সক্ষমতা বা লোড ক্যাপাসিটি বাড়াতে হবে।

তিনি বলেন, এই ব্যবহার বৃদ্ধির শর্ত হলো প্রতি কিলোওয়াট বিদ্যুতের জন্য প্রতি মাসে বাড়তি আরও ৩৫ টাকা হিসেবে সেবা কর দিতে হবে। আমি এখন ঠিক বুঝে উঠতে পারছি না যে আমার কি করা উচিত? বিদ্যুৎ বিভাগ দেখছি দিনকে দিন নানা খাত দেখিয়ে প্রি-পেইড গ্রাহকের পকেট থেকে টাকা খসিয়ে নিচ্ছে।

শহরের মজমপুর এলাকার গ্রাহক কলেজ শিক্ষক রায়হান উদ্দিন বলেন, ‘প্রি-পেইড মিটার গ্রাহকদের স্বয়ংক্রিয় প্রযুক্তির গ্যাড়াকলে ফেলে বিদ্যুৎ বিভাগ ঠিকই ডিমান্ড চার্জ আদায় করছে, অথচ আমার নিকট প্রতিবেশীর বাড়িতে এখনও এনালগ মিটার চালু আছে। তাদের ক্ষেত্রে এমন বাধ্যবাধকতা নেই ডিমান্ড চার্জ আদায়ের বিষয়ে। এটা বিদ্যুৎ বিভাগ কর্তৃক সৃষ্ট গ্রাহকদের প্রতি একটা চরম বৈষম্যমূলক আচরণ। এক দেশে এমন বৈষম্যমূলক দ্বৈত নিয়ম আমি কেন মানবো?’

তিনি বলেন, আমার বাড়িতে দুই কিলোওয়াট বিদ্যুৎ ব্যবহারের অনুমোদন নেওয়া আছে এবং প্রতি মাসে আমি এই সেবা কর পরিশোধ করছি, অথচ বিদ্যুৎ বিভাগের প্রি-পেইড মিটারের প্রযুক্তি কারসাজিতে আমার বাসার পানির মটর ছাড়লেই বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে।’

জেলা ওজোপাডিকো সূত্রে জানা গেছে, কুষ্টিয়াতে ওজোপাডিকোর মোট গ্রাহক প্রায় ৬৯ হাজার। এসব গ্রাহকদের মধ্যে প্রথম পর্যায়ে প্রায় ২৫ হাজার আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকের ঘরে প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে। স্বয়ংক্রিয় এসব প্রি-পেইড মিটারে সংযোজিত সবগুলো অ্যাপস সক্রিয় না থাকায় ওই সময় গ্রাহকদের ডিমান্ড চার্জের বিষয়টি ওঠেনি। সম্প্রতি এসব প্রি-পেইড মিটারের সবগুলো অ্যাপস কেন্দ্রীয়ভাবে আপগ্রেডেশন করার ফলে সেগুলো সক্রিয় হয়েছে এবং এর ব্যবহার বিধিগুলো গ্রাহক পর্যায়ে উঠে এসেছে।

ওজোপাডিকো কুষ্টিয়া ডিভিশন-১-এর নির্বাহী প্রকৌশলী ফজলে রাব্বী বলেন, ‘এতদিন গ্রাহক তার নিজের ইচ্ছেমতো বিদ্যুৎ ব্যবহারে কোন বিধি নিষেধ না মানলেও এই প্রি-পেইড মিটারে বিদ্যুৎ ব্যবহারে গ্রাহককে অবশ্যই নিয়মের মধ্যে আসতে হবে। তবে সম্প্রতি প্রি-পেইড মিটার গ্রাহকরা কিছু সমস্যা নিয়ে আসছে। সেগুলো সমাধানে আমরা কাজ করছি।

কুষ্টিয়ায় শুরু হচ্ছে ২৫ দিনব্যাপী বাংলা মুয়াল্লিম প্রশিক্ষণ কোর্স

কুষ্টিয়ায় শুরু হচ্ছে ২৫ দিনব্যাপী মুয়াল্লিম প্রশিক্ষণ কোর্স। আগামী ১লা ডিসেম্বর কুষ্টিয়া শহরের কুঠিপাড়া লুৎফর মুন্সী সড়কের মোমতাজুল উলূম মাদ্রাসা প্রাঙ্গণে এই প্রশিক্ষণ কোর্স শুরু হবে।

নূরানী তালীমুল কুরআন বোর্ড চট্টগ্রাম বাংলাদেশের তত্ত্বাবধানে মোমতাজুল উলূম মাদ্রাসা প্রাঙ্গণের প্রশিক্ষণ সেন্টারে ১

ডিসেম্বর থেকে শুরু হওয়া ২৫ দিনব্যাপি বাংলা মুয়াল্লিম প্রশিক্ষণ কোর্স আনুষ্ঠানিকভাবে শুরু হবে।
কোর্সে প্রশিক্ষণ দিবেন, বোর্ডের প্রশিক্ষক মাষ্টার শফিকুল ইসলাম।

প্রশিক্ষকগণ জানান, এ দীর্ঘ সময় মুয়াল্লিম প্রশিক্ষণে দিনরাত কঠোর মেহনত করেছেন দেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত প্রশিক্ষণার্থীরা।

মোমতাজুল উলূম মাদ্রাসার প্রিন্সিপাল মোঃ আরিফুজ্জামান জানান, এই প্রশিক্ষণের মাধ্যমে যোগ্যতা সম্পন্ন দক্ষ ও আদর্শবান মুয়াল্লিম হয়ে কুরআনের খেদমতে নিয়োজিত হওয়ার লক্ষ্যে দিবা- রাত্রি কঠোর মেহনত করে প্রশিক্ষণার্থীরা নিজেকে গড়ে তুলতে সহায়ক ভুমিকা পালন করবে।

প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক আখেরী নসিহত করবেন, বোর্ডের মহাসচিব, দারুল উলূম হাটহাজারীর সিনিয়র মুফতী ও মুহাদ্দিস মাওলানা মুফতী জসীম উদ্দীন।

কুষ্টিয়া-২ আসনে নৌকার মনোনয়ন কিনলেন কামারুল আরেফীন

নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। গত শনিবার সকাল থেকেই মনোনয়ন ফরম বিক্রি শুরু করে বাংলাদেশ আওয়ামী লীগ। এরই ধারাবাহিকতায় কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনে প্রার্থী হতে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়ন ফরম সংগ্রহ করলেন দেশসেরা উপজেলা চেয়ারম্যান মিরপুর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

গতকাল রবিবার বঙ্গবন্ধু অ্যাভিনিউতে অবস্থিত আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন তিনি।

আর্তমানবতার সেবা ও সাংগঠনিক কর্মকাণ্ডের মাধ্যমে ইতিমধ্যে তিনি দলীয় নেতাকর্মী ও এলাকাবাসীর আশা-আকাঙ্খার প্রতীক হয়ে সফল জননেতা হিসেবে উপজেলাবাসীর কাছে সমাদৃত তিনি।

কামারুল আরেফীন বলেন, ছাত্রজীবন থেকে আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত। দীর্ঘদিন ধরে দলকে সুসংগঠিত করার পাশাপাশি মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করে আসছি। বিপদ-আপদে সব সময় এলাকাবাসী ও দলীয় নেতাকর্মীদের পাশে ছিলাম। সাহায্য সহযোগীতা করছি গরিব দুঃখী, ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানে। সেবার পরিধি বাড়াতে দলীয় নেতাকর্মী ও এলাকাবাসীর অনুরোধে এমপি হওয়ার লক্ষে কাজশুরু করেছি। আমার দৃঢ বিশ্বাস দল আমাকে মনোনয়ন দেবেন। শুধু মিথ্যা প্রতিশ্রুতি নয়, এমপি হতে পারলে অবেহেলিত মিরপুর উপজেলার প্রত্যান্ত অঞ্চলেও উন্নয়নের সারথী হয়ে এই উপজেলাকে একটি উন্নয়নের মডেল হিসেবে গড়ে তুলবেন বলে জানান তিনি।

তিনি বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন কাজের সহযোগী হয়ে মিরপুর-ভেড়ামারাকে স্মার্ট আসন হিসেবে গড়ে তুলতে কাজ করতে চাই। এ কারণেই মনোনয়ন ফরম সংগ্রহ করেছি। আমি বিশ্বাস করি দলের প্রতি আমার অবদানের কথা বিবেচনায় নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী আমাকে মনোনয়ন দেবেন।’

তিনি আরও বলেন, ’প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ক্ষমতায় থাকায় সাধারণ মানুষ আজ নানান সুযোগ-সুবিধা পাচ্ছেন। বাংলাদেশের উন্নয়ন হচ্ছে। তাই আগামী নির্বাচনে শেখ হাসিনা সরকারের মনোনীত নৌকার প্রার্থীকে ভোট দিয়ে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। জনগণের ভাগ্য পরিবর্তন করে উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে শেখ হাসিনার অগ্রণী ভূমিকা আছে। আর বর্তমান দেশের উন্নয়নের গতিশীলতা জনগণের কাছে দৃশ্যমান। দেশের উন্নয়নে আওয়ামী লীগকে আবারও ক্ষমতায় আনতে হবে।’

মিরপুর উপজেলা ছাত্রলীগের সভাপতি আসলাম আরেফীন সহ স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মী ও নানা শ্রেণী-পেশার মানুষ জানান, কামারুল আরেফীন মুক্তিযুদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী একজন সমাজ হিতৈষী সাদা মনের মানুষ। ধর্মীয় কাজ ও শিক্ষা বিস্তারে রয়েছে তাঁর প্রচণ্ড আগ্রহ। তিনি দীর্ঘদিন ধরে সমাজের অবহেলিত জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়নে নিরলসভাবে কাজ করছেন। মিরপুর ও ভেড়ামারা দুইটি উপজেলা নিয়ে একটি আাসন। এই উপজেলার ভোটার সংখ্যা বেশি অথচ ভেড়ামারা উপজেলা ভোটারের সংখ্যা কম হলেও সেখান থেকে

এমপি নির্বাচিত হয়ে থাকে। তাই এবারে এই মিরপুর উপজেলা বাসী চান কামারুল আরেফীন এমপি হিসেবে নির্বাচিত হোক। শুধু তাই নয়, তিনি এমপি হলে অবহেলিত জনপথটির আর্থ-সামাজিক অবস্থার দ্রুত উন্নয়ন ঘটবে বলেও জানান তারা।

কুষ্টিয়া জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা

কুমারখালী উপজেলা সমাজসেবা অফিসের ভবন নির্মাণ কাজের অনিয়মসহ নানান অনিয়মের বিরুদ্ধে কুষ্টিয়া জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদেরের বিরুদ্ধে জেলা প্রশাসকের কাছে অভিযোগ তুলেছে।

আজ রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে কুষ্টিয়া জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অভিযোগটি উত্থাপন করা হয়।

জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজার সভাপতিত্বে এতে অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আখতার, অতিরিক্ত পুলিশ সুপার তারেক জুবায়ের, কুষ্টিয়া প্রেস ক্লাবের সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, কুষ্টিয়া টেলিভিশন জার্নালিস্ট এসোসিয়েশনের সভাপতি জাহিদুজ্জামান এবং সরকারি বিভিন্ন দপ্তরের প্রধানসহ কমিটির সদস্যরা অংশ নেন।

জানা যায়, ২০২২ সালের ২৪শে অক্টোবর কুষ্টিয়া জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক হিসেবে যোগদান করেন আব্দুল কাদের। যোগদানের পর থেকেই নিজের ক্ষমতার অপব্যবহার করে শুরু করেন অনিয়ম ও দূর্নীতির মহাৎসব। ২০২২-২৩ অর্থ বছরে কুষ্টিয়া কুমারখালী সমাজসেবা অফিসের সংস্কার কাজের বরাদ্ধের ৫ লক্ষ টাকা নামমাত্র কাজ করেই ঠিকাদারের সাথে যোগসাজস্যে তা তুলে নেওয়া হয়। সে কাজের মেয়াদ শেষ হয়ে গেলেও এখনো শেষ হয়নি কাজ। এছাড়াও একই অর্থ বছরে কুষ্টিয়া সরকারি শিশু পরিবারের দুটি ভবনের সংস্কার কাজের ১৫ লক্ষ টাকা তুলে নেওয়া হয়েছে কাজ শেষ না করেই। এভাবেই জেলা সমাজসেবা অফিসের অধিকাংশ কাজেই হয়েছে। এছাড়াও এতিমখানা পরিদর্শনে ১০ হাজার টাকা উৎকোচ নেওয়াসহ বিভিন্ন সংস্থার রেজিস্ট্রেশন করিয়ে দিতেও

১০ থেকে ২০ হাজার টাকা করে নিয়ে থাকেন। যা নিয়ে অফিসের কর্মকর্তা-কর্মচারিদের মধ্যে সৃষ্টি হয়েছে ক্ষোভ।

এসব নিয়ে কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বিতান কুমার মন্ডল সমন্বয় কমিটির সভায় উত্থাপন করে তিনি বলেন, ২০২২-২৩ অর্থ বছরে কুমারখালী উপজেলা সমাজসেবা অফিসের সংস্কার কাজের বরাদ্ধের ৫ লক্ষ টাকা নামমাত্র কাজ করেই ঠিকাদারের সাথে যোগসাজসে তা তুলে নেন উপপরিচালক।

এসময় জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজার কাছে কোন সদুত্তর দিতে পারেনি জেলা সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদের।

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় নির্বাচন সামনে রেখে সরকারি দপ্তরে রাতের নিরাপত্তা জোরদার করার নির্দেশনা দেওয়াসহ সাংবাদিক রুবেল হত্যা মামলা, পাসপোর্ট অফিসে এসে বাইরের লোক কাজ করে দেয়ার জন্য চাপ দেয়া এবং মুজিবনগর সেচ প্রকল্পের বিভিন্ন গ্রুপের টেন্ডার অনিয়মতান্ত্রিকভাবে ভাগাভাগি করার অভিযোগ তোলা হয়।

এদিকে, সমাজসেবা অধিদপ্তরের সমন্বয় পরিষদ কুষ্টিয়ার সভাপতি গোলাম মোস্তফা বলেন, সমাজের বিত্তবানদের অনুদানে আমাদের এই প্রতিষ্ঠান চলে। আমাদের কাছে প্রতমাসে মোটা অংকের টাকা দাবী করেছে উপপরিচালক। এবং ২৭ হাজার টাকার চেক মারফত জোর করে চাঁদা হিসেবে নিয়েছেন। এটা অবশ্যই চাঁদাবাজি। এভাবে প্রতিমাসে চাঁদার টাকা দিতে হবে বলেও জানান তিনি। বর্তমান উপপরিচালক আমার কাছে অনৈতিকভাবে টাকা চাওয়া মানেই তো চাঁদাবাজী বলেও উল্লেখ করেন তিনি।

কুষ্টিয়া জেলা প্রশাসকের সাথে মৌবনের নির্বাহী পরিচালকের

সৌজন্য সাক্ষাৎ

কুষ্টিয়ার জেলা প্রশাসক এহেতেশাম রেজা এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় করেছেন মৌবনের নির্বাহী পরিচালক এবং নারী বাতায়নের সভাপতি সাফিনা আঞ্জুম জনী।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট কুষ্টিয়ার কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ফুলেল শুভেচ্ছা ও সাফিনা আঞ্জুম জনীর লেখা “ধুপকাঠি” বইটি জেলা প্রশাসকের হাতে তুলে দেন।

সৌজন্য সাক্ষাৎ শেষে ‘মৌবন’ পরিচালিত নারী বাতায়নের কর্মকান্ড নিয়ে ভুয়সী প্রশংসা করেন এবং নারীর অগ্রগামী ভুমিকা পালনের জেলা প্রশাসক সন্তোষ প্রকাশ করেন।

নারী উদ্যোক্তাদের জন্য কাজ করতে হবে বলে জানিয়ে জেলা প্রশাসক বলেন, সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে যুগে যুগে নারীরা বিশেষভাবে অবদান রাখছেন। বিশেষ করে দেশের অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে আমাদের নারী সমাজ নিজেদের আত্মনির্ভরশীল করার পাশাপাশি জাতীয়ভাবে অবদান রেখে যাচ্ছেন।

নারী বাতায়নের সভাপতি ও মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আঞ্জুম জনী বলেন, কুষ্টিয়ায় অনেক নারী উদ্যোক্তারা ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। অনেক নারীই নিজেদের ইচ্ছে ও চেষ্টার একাগ্রতায় হয়ে উঠেছে সফল উদ্যোক্তা। কেউবা আবার সেই পথেই হাঁটার স্বপ্ন দেখছেন। যারা সেই স্বপ্নের পথে হাঁটার ইচ্ছে পোষন করছেন তাঁদের সাহস ও সম্মান জানিয়ে তিনি বলেন, ‘নারীরা শুধু তাদের নিজেদের চেষ্টা ও আগ্রহে উদ্যোক্তা হয়ে উঠেছেন। অনেক নারী-উদ্যোক্তাদের ট্রেড লাইসেন্স থাকে না, টিন থাকে না, ব্যাংক হিসাব থাকে না। এজন্য তাদের ব্যবসা ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়নে নজর দেয়া প্রয়োজন।’

তাদের নিয়ে কাজ করতে সম্মিলিতভাবে চেষ্টা চালিয়ে যেতে হবে এবং তাদের এগিয়ে নিতে সাপ্তাহিক (নারী উদ্যোক্তাদের) হলিডে মার্কেট চালু ও নারী উদ্যোক্তাদের বিভিন্ন ক্ষেত্রে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিতসহ কুষ্টিয়ার নারী উদ্যোক্তাদের জন্য উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি গঠনে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

নির্বাচন কোন একটা রাজনৈতিক দলের জন্য আটকে থাকবে না: হানিফ

যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ এমপি।

তিনি বলেন, নির্বাচন কোন একটা রাজনৈতিক দলের জন্য আটকে থাকবে না। যে সমস্ত দলের নির্বাচন করার সক্ষমতা আছে তারা নির্বাচন করবে। যদি কোন দল নির্বাচনে না আসে সেটা তাদের গণতান্ত্রিক অধিকার তবে নির্বাচন যথাসময়েই হবে।

মঙ্গলবার (১৪ নভেম্বর) দুপুরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল উদ্বোধনের আগে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন।

হানিফ বলেন, এই নির্বাচন বানচাল করার জন্য বা বাধাগ্রস্থ্য করার জন্য বিএনপি ও তার পক্ষে কিছু দল তৎপরতা চালাচ্ছে এতে কোন লাভ হবে না। কারণ নাশকতা মূলক কর্মকান্ড করে নির্বাচন বাধাগ্রস্থ্য বা বানচাল করা যাবে না। পরে তিনি সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষন দেন।

এসময় কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সংসদ সদস্য এ্যাড. আ কা ম সরওয়ার জাহান বাদশা, কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ, জেলা প্রশাসক এহেতেশাম রেজা, পুলিশ সুপার এএইচ এম আবদুর রকিব, জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দিন খান, সহসভাপতি হাজী রবিউল ইসলাম, সাধারণ সম্পাদক আজগর আলী, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা উপস্থিত ছিলেন।

এর আগে গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের উদ্বোধন ঘোষণা করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি ২৪ টি মন্ত্রণালয়ের অধীনে ১৫৭ টি বিভিন্ন প্রকল্প/ কার্যক্রমের আওতায় দেশব্যাপী ৬৪৪০ টি অবকাঠামো এবং ৫৩৯৭ টি ভূমিহীন পরিবারের জন্য আশ্রয়ন প্রকল্পের শুভ উদ্ভাধন ঘোষণা করেন। এই ১৫৭ টি প্রকল্প/ কার্যক্রমের আওতাধীন কুষ্টিয়া জেলার ০৯ টি প্রকল্প রয়েছে।

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে গোসলে নেমে স্কুলছাত্রীর মৃত্যু

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে গোসল করতে নেমে আন্না খাতুন
(১৩) নামে এক স্কুলছাত্রীর মৃত্যু হয়েছে।

আজ সোমবার সকালে উপজেলার চর গোলাপনগর ভাঙা পাড়ায় এ ঘটনা ঘটে।

আন্না খাতুন উপজেলার চর গোলাপনগর ভাঙা পাড়া গ্রামের মো. আনোয়ার হোসেনের মেয়ে দামুদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির শিক্ষার্থী ছিল।

ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহিরুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে জানান, আন্না খাতুনসহ সমবয়সী তিনজন আজ সকালে বাড়ির পাশে পদ্মা নদীতে গোসল করতে যায়। নদীতে নামার পর হঠাৎ সে পানিতে তলিয়ে যায়। এ সময় তার সঙ্গে থাকা ফাতেমা খাতুন (১২) এগিয়ে যায়। সেও ডুবে যেতে লাগলে তাদের সঙ্গে থাকা সাত বছর বয়সী ইতি খাতুন স্থানীয়দের ডাকাডাকি শুরু করেন। পরে স্থানীয়রা নদীতে নেমে তাদের উদ্ধার করেন। পরবর্তীতে চিকিৎসক আন্না খাতুনকে মৃত ঘোষণা করেন।

কুষ্টিয়ায় ইয়াবাসহ ব্যবসায়ী গ্রেপ্তার

কুষ্টিয়ায় ১ হাজার ৬শ পিস ইয়াবাসহ নাজিম উদ্দিন (৪২) নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে।

গতকাল রবিবার কুষ্টিয়া শহরের হাউজিং নিশান মোড় এলাকার একটি বাসা থেকে তাকে গ্রেপ্তার করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা খ, সার্কেল কর্মকর্তাগণ।

আটককৃত মাদক ব্যবসায়ী নাজিম উদ্দিন শহরের কালিশংকরপুর এলাকার মতলব হোসেনের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানায়, গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া শহরের হাউজিং নিশান মোড় এলাকার একাট তিনতলা বাড়ির দ্বিতীয় তলায় অভিযান পরিচালনা করে। এসময় ঘরের মধ্য থেকে ১ হাজার ৬‍`শ পিস ইয়াবাসহ নাজিমুদ্দিনকে গ্রেপ্তার করতে সক্ষম হয়। গ্রেপ্তারকৃত নাজিমুদ্দিন ওই বাড়ি থেকে দীর্ঘ দিন মাদক ব্যবসা পরিচালনা করে আসছিলেন।

আটককৃত মাদক ব্যবসায়ী নাজিম উদ্দিনের বিরুদ্ধে কুষ্টিয়া মডেল থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬/১-১০ ক ধারায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ পরিদর্শক মাহবুবা জেসমিন রুমা বাদী হয়ে মামলা দায়ের করেছেন।

কুষ্টিয়ার খোকসাতে আগ্নেয়াস্ত্রসহ আটক ১

কুষ্টিয়ার খোকসা উপজেলার ওসমানপুর ইউনিয়নের দেবীনগর গ্রাম থেকে একটি রিভালবার ও ২ রাউন্ড গুলিসহ একাধিক মামলার এক চিহ্নিত সন্ত্রাসীকে আটক করেছে খোকসা থানা পুলিশ।

রোববার (১২ নভেম্বর) ভোর ৫টার দিকে তাকে আটক করা হয়। আটককৃতরা হলেন- খোকসা উপজেলার উসমানপুর ইউনিয়নের হায়দার মেম্বারের ছেলে মো. ইদ্রিস (৩০)

থানা পুলিশ সূত্রে জানা যায়, রোববার গোপন সংবাদের ভিত্তিতে খোকসা থানা অফিসার ইনচার্জ মোস্তফা হাবিবুল্লাহ, এসআই আকরামুল হক, সঙ্গীয় ফোর্স নিয়ে খোকসা ওসমানপুর ইউনিয়নের উত্তরপাড়া ওয়াজেদ আলীর বসত বাড়ির পশ্চিম পাশে বাঁশ বাগানের মধ্যে অভিযান চালিয়ে একটি দেশীয় রিভলবার ও ২ রাউন্ড গুলি সহ মো. ইদ্রিসকে আটক করেন।

এ বিষয়ে খোকসা থানা অফিসার ইনচার্জ মোস্তফা হাবিবুল্লাহ বলেন মো. ইদ্রিসকে আমরা গতরাতে অস্ত্রসহ আটক করেছি, অস্ত্র মামলায় তাকে রোববার দুপুরে কুষ্টিয়া জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে নাক গলাবেন না : ইনু

মানবাধিকারের নামে বিদেশি বিশ্ব সংস্থাগুলো বাংলাদেশের দণ্ডিত অপরাধী ও চিহিৃত সন্ত্রাসীদের পক্ষে যে ভাষায় ওকালতি শুরু করেছে তা বিশ্ব সংস্থার মর্যাদা ক্ষুন্ন করছে বলে মন্তব্য করেছেন হাসানুল হক ইনু।

বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে নাক না গলাতে বিদেশি সংস্থার প্রতি আহ্বান জানান তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও জাসদ সভাপতি।

আজ বৃহস্পতিবার বেলা ১১টায় কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালবাড়িয়া উচ্চ বিদ্যালয়ের ২ কোটি ৭৪ লাখ টাকা ব্যয়ে নতুন চার তলা একাডেমিক ভবনের উদ্বোধনকালে এসব কথা বলেন ইনু।

এ সময় হাসানুল হক ইনু বলেন, ইসরায়েলের আক্রমণে গাজায় যে মানবাধিকার লঙ্ঘন হচ্ছে সেটা বাঁচানোর চেষ্টা না করে বাংলাদেশের

দণ্ডিত অপরাধীদের পক্ষে ওকালতি করা অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের শামিল।

এসময় জেলা জাসদের সভাপতি গোলাম মহসিন, মি,রপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহম্মদ আলী, মিরপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) জহুরুল ইসলাম, তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়ের সভাপতি আরিফুল ইসলাম, প্রধান শিক্ষক দিলারা জোয়ার্দারসহ জাসদের বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।